

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮৮২

२४/ (प्रांश (کتاب الدعاء)

পরিচ্ছেদঃ ২৮/১৭. বিপদকালে পড়ার দোয়া

بَابِ الدُّعَاءِ عِنْدَ الْكَرْبِ

আরবী

حَدَّقَنَا أَبُو بَكْرٍ، حَدَّقَنَا مُحَمَّدُ بْنُ بِشْرٍ، ح وَحَدَّقَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّقَنَا وَكِيعٌ، جَمِيعًا عَنْ عَبْدِ الْعَزِيزِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ جَعْفَرٍ، عَنْ أُمِّهِ، أَسْمَاءَ ابْنَةِ عُمَيْسٍ قَالَتْ عَلَّمَنِي عُمْرَ بْنِ عَبْدِ اللَّهُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ جَعْفَرٍ، عَنْ أُمِّهِ، أَسْمَاءَ ابْنَةِ عُمَيْسٍ قَالَتْ عَلَّمَنِي كُمَرَ بْنِ عَبْدِ اللَّهُ اللَّهُ رَبِّي لاَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ كَلِمَاتٍ أَقُولُهُنَّ عِنْدَ الْكَرْبِ " اللَّهُ اللَّهُ رَبِّي لاَ أَشْرِكُ بِهِ شَيْئًا " .

বাংলা

১/৩৮৮২। আসমা বিনতে উমাইস (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বিপদকালে পড়ার জন্য কয়েকটি বাক্য শিখিয়েছেনঃ ''আল্লাহ, আল্লাহ, আমার প্রতিপালক, আমি তাঁর সাথে কোন কিছুই শরীক করি না''।

English

It was narrated that Asma' bint 'Umais said:

"The Messenger of Allah (ﷺ) taught me some words to say at times of distress: Allah! Allahu Rabbi la ushriku bihi shay'an (Allah, Allah is my Lord, I do not associate anything with Him)."

ফুটনোট

আবৃ দাউদ ১৫২৫, সহীহাহ ২৭৫৫। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবদুল আযিয বিন উমার বিন আবদুল আযিয সম্পর্কে আবু হাতিম আর-রায়ী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায়। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু হাফস উমার বিন শাহীন ও আবু দাউদ আস-সাজিসতানী বলেন,



তিনি সিকাহ। আবু মুসহির আল গাসসানী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস ভুল সন্দেহ করেন। ইমাম যাহাবী তাকে সিকাহ বলেছেন। আবুল আলা বিন মুসহির বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৪৬৪, ১৮/১৭৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন